

সুষ্ঠু শ্রম নীতিমালা

কারখানা ও খামারে শ্রমিকদের অধিকার রক্ষার জন্য ফেয়ার লেবার অ্যাসোসিয়েশন (FLA) সুষ্ঠু শ্রম নীতিমালার মানদণ্ড নির্ধারণ করে দেয়। সুষ্ঠু শ্রম নীতিমালা আন্তর্জাতিক শ্রম সংস্থার মানদণ্ড এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানবাধিকারের ওপর ভিত্তি করে প্রণীত। FLA-এর সদস্য কোম্পানিগুলো তাদের বৈশ্বিক সাপ্লাই চেইনে শ্রমিকদের সুরক্ষা নিশ্চিত করতে এবং কারখানা ও খামারগুলোকে কাজের জন্য আরও ভালো স্থান হিসেবে গড়ে তুলতে কর্মক্ষেত্রের এই মানদণ্ডগুলো মেনে চলতে সম্মত হয়েছে।



নীতিমালার উপাদান	মানদণ্ড
কর্মসংস্থান সম্পর্ক	নিয়োগকর্তারা কর্মচারীদের জন্য এমন নিয়ম ও শর্তাবলী গ্রহণ করবেন ও মেনে চলবেন যা তাদের প্রতি সম্মান প্রদর্শন করবে, এবং কর্মক্ষেত্র, জাতীয় ও আন্তর্জাতিক শ্রম এবং সামাজিক নিরাপত্তা আইন ও বিধিমালা অনুযায়ী তাদের অধিকারকে সুরক্ষিত করবে।
বৈষম্যহীনতা	লিঙ্গ, জাতি, ধর্ম, বয়স, প্রতিবন্ধিতা, যৌন অভিযোজন, জাতীয়তা, রাজনৈতিক মতামত, সামাজিক গোষ্ঠী বা জাতিগত পরিচয়ের ভিত্তিতে নিয়োগ, মজুরি, পদোন্নতি, শৃঙ্খলা রক্ষা, চাকরি থেকে অব্যাহতি বা অবসর গ্রহণসহ কর্মসংস্থানের কোনো ক্ষেত্রেই কোনো ব্যক্তির প্রতি কোনো প্রকার বৈষম্য করা যাবে না।
হয়রানি বা নির্যাতন	প্রতিটি কর্মচারীর সাথে সম্মান ও মর্যাদার সাথে আচরণ করতে হবে। কোনও কর্মচারী শারীরিক, যৌন, মানসিক বা মৌখিক হয়রানি বা নির্যাতনের শিকার হবেন না।
জোরপূর্বক শ্রম	কারাগারের শ্রম, চুক্তিবদ্ধ শ্রম, অগ্রিম ঋণের বিনিময়ে শ্রম (বন্ডেড লেবার) বা অন্য কোনো ধরনের জোরপূর্বক শ্রমসহ কোনো প্রকার বাধ্যতামূলক শ্রম ব্যবহার করা যাবে না।
শিশু শ্রম	১৫ বছর বয়সের নিচে অথবা বাধ্যতামূলক শিক্ষা সমাপ্তির বয়সের নিচে, যেটি বেশি হয়, এমন কোনো ব্যক্তিকে কাজে নিযুক্ত করা যাবে না।
সংগঠন করার স্বাধীনতা ও সমষ্টিগত দরকষাকষি	নিয়োগকর্তারা কর্মচারীদের সমিতি গঠনের স্বাধীনতা ও সমষ্টিগত দরকষাকষির অধিকারকে স্বীকৃতি দেবে এবং সম্মান করবে।
স্বাস্থ্য, নিরাপত্তা, এবং পরিবেশ	কর্মস্থল থেকে উদ্ধৃত, কর্মস্থলের সাথে সম্পৃক্ত অথবা কর্মরত অবস্থায় বা নিয়োগকর্তার স্থাপনা ও সুবিধাসমূহ ব্যবহারের ফলে ঘটা দুর্ঘটনা এবং স্বাস্থ্যগত ক্ষতি প্রতিরোধে নিয়োগকর্তারা একটি নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিত করবেন। কর্মস্থল পরিবেশের ওপর যে নেতিবাচক প্রভাব ফেলে, তা প্রশমিত করতে নিয়োগকর্তারা দায়িত্বশীল পদক্ষেপ গ্রহণ করবেন।
কর্মঘণ্টা	কর্মীরা যে-দেশে কর্মরত থাকবেন, নিয়োগকর্তারা কর্মীদের সেই দেশের আইনে অনুমোদিত নিয়মিত কর্মঘণ্টা ও ওভারটাইমের চেয়ে বেশি কাজ করতে বাধ্য করতে পারবেন না। নিয়মিত কর্মসপ্তাহ ৪৮ ঘণ্টা অতিক্রম করবে না। নিয়োগকর্তারা প্রতি সাত দিনের মধ্যে কর্মীদের কর্মক্ষেত্র একাটানা ২৪ ঘণ্টা বিশ্রামের সুযোগ দেবেন। সকল ওভারটাইম কাজ পারস্পরিক সম্মতির ভিত্তিতে সম্পাদিত হবে। নিয়োগকর্তারা নিয়মিতভাবে ওভারটাইমের কাজের অনুরোধ করতে পারবেন না এবং সমস্ত অতিরিক্ত সময়ের কাজের জন্য প্রিমিয়াম হারে মজুরি প্রদান করতে হবে। বিশেষ পরিস্থিতি ছাড়া, সপ্তাহে নিয়মিত এবং ওভারটাইম কাজের মোট সময় ৬০ ঘণ্টা অতিক্রম করবে না।
মজুরি	প্রত্যেক শ্রমিকের একটি নিয়মিত কর্মসপ্তাহের জন্য এমন পরিমাণ মজুরি পাওয়ার অধিকার রয়েছে যা তার মৌলিক চাহিদা মেটানোর জন্য যথেষ্ট এবং কিছু বাড়তি আয় প্রদান করে। নিয়োগকর্তারা কর্মক্ষেত্রে ন্যূনতম মজুরি অথবা প্রচলিত উপযুক্ত মজুরি, যেটি বেশি হয়, প্রদান করবেন, মজুরি সংক্রান্ত সকল আইনি চাহিদা মেনে চলবেন এবং আইন বা চুক্তি অনুযায়ী প্রয়োজনীয় সকল সুবিধাদি প্রদান করবেন। যেখানে মজুরি শ্রমিকদের মৌলিক চাহিদা মেটাতে এবং কিছু বাড়তি আয় প্রদানে সক্ষম হয় না, সেখানে প্রতিটি নিয়োগকর্তা FLA-এর সাথে মিলে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন, যাতে পর্যায়ক্রমে মজুরির এমন একটি স্তর অর্জন করা সম্ভব হয় যা এই চাহিদাগুলো পূরণ করে।